



২৩শে নভেম্বর ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

আশুলিয়ার জিরাবো এলাকায় কালার ম্যাক্স (বিডি) লিমিটেড কারখানায় অগ্নিকাণ্ডে নারী ও শিশু শ্রমিক অগ্নিদগ্ধ হয়ে মৃত্যুর ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ প্রকাশ করছে

গতকাল ২২ শে নভেম্বর ২০১৬ তারিখ আশুলিয়ার জিরাবো এলাকায় কালার ম্যাক্স (বিডি) লিমিটেড কারখানায় অগ্নিকাণ্ডে ৩০ জন নারী শ্রমিক অগ্নিদগ্ধ ও এ পর্যন্ত একজন শিশু অগ্নিদগ্ধ হয়ে মৃত্যুর ঘটনায় ব্লাস্ট তীব্র নিন্দা জানাচ্ছে ও এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে। এ ঘটনার কার্যকর সুষ্ঠু তদন্তসহ দোষী ব্যক্তিদের যথাযথ বিচার ও শাস্তি দাবী করছে। আগামী ২৪ শে নভেম্বর তাজরীন অগ্নিকাণ্ডের চতুর্থ বর্ষপূর্তি। রাণা প্লাজা, তাজরীন ও ট্যাম্পাকোর ভয়াবহ ঘটনার পর এ ঘটনা আমাদের কাছে অপ্রত্যাশিত এবং অনাকাঙ্ক্ষিত। ব্লাস্ট শ্রমিকের অধিকার রক্ষা ও ক্ষতিপূরণ প্রদানে প্রয়োজনীয় আইন সংস্কার ও যথাযথ প্রয়োগের দাবী জানাচ্ছে।

বিভিন্ন সংবাদ মাধ্যম হতে জানা যায়, মঙ্গলবার বিকালে আশুলিয়ার জিরাবো এলাকার ‘কালার ম্যাক্স (বিডি) লিমিটেড’ কারখানায় এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। প্রাপ্ত তথ্য মতে, যেখানে ৩০ জন শ্রমিক অগ্নিদগ্ধ হয়েছেন এবং ১ জন শ্রমিক ইতোমধ্যে মৃত্যুবরণ করেছেন ও ৭ জনের অবস্থা আশংকাজনক। দগ্ধদের মধ্যে ২০ জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে, ৫ জনকে সাভারের এনাম মেডিকেল কলেজ হাসপাতাল ও অপর একজনকে উত্তরার ইস্টওয়েস্ট মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

জানা যায়, বিকাল আনুমানিক ৪ টার দিকে কারখানাটিতে আগুন লাগে। পরে সাভার ও ইপিজেডের পাঁচটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালায়।

ব্লাস্ট এই ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে, ঘটনার সুষ্ঠু তদন্ত সহ দোষী ব্যক্তিদের চিহ্নিত করে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও যথাযথ বিচারের মাধ্যমে দোষী ব্যক্তিদের শাস্তি প্রদান করার জোর দাবী জানাচ্ছে। পাশাপাশি আমরা শ্রমিকের নিরাপদ কর্মক্ষেত্র, কর্মক্ষেত্রে দুর্ঘটনায় নিহত ও আহত শ্রমিকের যথাযথ ক্ষতিপূরণ এবং আহত শ্রমিকদের দীর্ঘমেয়াদী চিকিৎসা ও স্থায়ী পুনর্বাসন এবং আইন সংশোধনের দাবী জানাচ্ছি। রাণাপ্লাজা এবং তাজরীনের ঘটনায় শ্রমিকদের আর্থিক সহায়তার জন্য বিভিন্ন স্কীমের মাধ্যমে যে ধরনের পদক্ষেপ নেয়া হয়েছিল এ ঘটনায় সে ধরনের পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবী জানাচ্ছি।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd